



Department
of Labor

WORKING FOR YOU

এই বিজ্ঞপ্তি প্রযোজ্য বিমানবন্দর কর্মীদের জন্য*

লাগার্ডিয়া বিমানবন্দর, জন এফ. কেনেডি আন্তর্জাতিক বিমানবন্দর
এবং বিমানে থাওয়ার জন্য খাদ্য প্রস্তুতের সঙ্গে সংশ্লিষ্ট স্থানসমূহে।

জানুয়ারি 1, 2026 থেকে কার্যকর নিউ ইয়র্ক স্টেট [হেলদি টার্মিনালস অ্যাক্ট \(Healthy Terminals Act\)](#) অনুযায়ী, আপনাকে নিম্নলিখিত দুটির মধ্যে যেটি বেশি, সেটি অনুযায়ী মজুরি প্রদান করা আবশ্যিক:

- NYS কমিশনার অফ লেবার কর্তৃক নির্ধারিত মজুরি হার, অথবা
- পোর্ট অথোরিটি কর্তৃক নির্ধারিত ন্যূনতম মজুরি (পঞ্জিকা বর্ষ 2026-এর জন্য \$21.25/ঘণ্টা)

এছাড়াও, নিউ ইয়র্ক স্টেটের কমিশনার অফ লেবার কর্তৃক নির্ধারিত হার অনুযায়ী আপনাকে অতিরিক্ত মজুরি অথবা অতিরিক্ত স্বাস্থ্যসেবা অবদানের পাশাপাশি সবেতন ছুটি প্রদান করা আবশ্যিক।



ঘণ্টাভিত্তিক মজুরির হার, অতিরিক্ত মজুরি অথবা স্বাস্থ্যসেবা অবদান এবং সবেতন ছুটি সংক্রান্ত নিউ ইয়র্ক স্টেট কমিশনার অফ লেবার-এর নির্ধারিত হারে ম্যাকনামারা-ও'হারা সার্ভিস কন্ট্রাক্ট অ্যাক্টের অধীনে ফেডারেল সরকারের নির্ধারিত হারের উপর ভিত্তি করে করা। বিস্তারিত তথ্যের জন্য নিম্নলিখিত লিংকটি দেখুন।



কোনো পরিস্থিতিতেই আপনার ঘণ্টাভিত্তিক মজুরি বর্তমানে কার্যকর পোর্ট অথোরিটির ন্যূনতম মজুরির চেয়ে কম হতে পারবে না। বিস্তারিত জানতে নিউ ইয়র্ক ও নিউ জার্সি পোর্ট অথোরিটির 'নতুন ন্যূনতম মজুরির নিয়মাবলী'-র ওয়েবসাইট দেখুন।



*প্রযোজ্য বিমানবন্দর কর্মী বলতে বোঝায় এমন এক বা একাধিক ব্যক্তি, যিনি/যারা জন এফ. কেনেডি আন্তর্জাতিক বিমানবন্দর, লাগার্ডিয়া বিমানবন্দর, অথবা এমন কোনো স্থান যেখানে জন এফ. কেনেডি আন্তর্জাতিক বিমানবন্দর বা লাগার্ডিয়া বিমানবন্দর থেকে ছেড়ে যাওয়া বিমানগুলোতে থাওয়ার জন্য খাদ্য প্রস্তুতি বা বিতরণের কাজ সম্পাদন করা হয়, সেইসব স্থানে কাজের জন্য নিয়োগপ্রাপ্ত। বেতনভিত্তিক পেশাজীবী, নির্বাহী কর্মকর্তা, প্রশাসনিক কর্মী, অথবা নিউ ইয়র্ক ও নিউ জার্সি পোর্ট অথোরিটি বা অন্য কোনো সরকারি সংস্থার নিয়োগপ্রাপ্ত ব্যক্তির প্রযোজ্য বিমানবন্দর কর্মী হিসেবে গণ্য হবেন না।